

যুক্ত

তারিখ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০ ০০০
পৃষ্ঠা ১০০ কলাম ১

NO. 27 2002

নানা সমস্যায় জর্জরিত বেগমগঞ্জ কারিগরি উচ্চ বিদ্যালয়

বেগমগঞ্জ প্রতিনিধি

অব্যবস্থাপনা, দুর্নীতি, শিক্ষক-স্বল্পতা, আসবাবপত্রসহ নানাবিধ সমস্যায় জর্জরিত বেগমগঞ্জ সরকারি কারিগরি উচ্চ বিদ্যালয় ঐতিহ্য হারাতে বসেছে। বিয়্য ঘটছে পাঠদান ব্যবস্থায়ও। আশ্চর্যজনক হলেও সত্য, গত এক দশকে প্রধান শিক্ষক পদে পরিবর্তন হয়েছে দশবার।

১৯৬৫ সালে ৫.০৪ একর ভূমির ওপর প্রতিষ্ঠিত বিদ্যালয়টি প্রতিষ্ঠার সময় একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, কর্মশালা ও ছাত্রাবাস নির্মাণ করা হয়েছিল। সে সময় উচ্চ মাধ্যমিক পর্যায়ে কারিগরি শিক্ষা চালুর লক্ষ্যে বৃহৎ পরিসরে বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। বর্তমানে বিদ্যালয়ে রয়েছে শিক্ষক সংকট। প্রধান শিক্ষকসহ ৭ জন শিক্ষকের পদ শূন্য। বর্তমানে প্রধান শিক্ষকের দায়িত্ব পালনরত বিদ্যালয়ের সহকারী শিক্ষক নির্মলেন্দু ও মোমিনুর রহমানের বিরুদ্ধে প্রশুপত্র ফস, এসএসসি ফরম সংক্রান্ত আর্থিক দুর্নীতিসহ নানা অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে। এ নিয়ে খোদ শিক্ষকদের মধ্যেই অসন্তোষ বিরাজ করছে। সম্প্রতি বিদ্যালয়ের মূল্যবান ব্রডকাস্টিং মেশিনটিও বিক্রি করে দেয়া হয় বলে অভিযোগ উঠেছে। গত এক দশকে ঘন ঘন প্রধান শিক্ষক বদলির কারণ হিসেবে জানা যায়, যিনিই এই বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ পেয়ে আসেন- কিছুদিনের মধ্যে তিনি ডিজি অফিসে বদলি হন, না হয় উৎকোচ দিয়ে সুবিধাজনক স্থানে বদলি হয়ে যান।

প্রতিষ্ঠার পর থেকে কারিগরি বিষয়ে ৩০০ নম্বরের পরীক্ষা হলেও বর্তমানে ১০০ নম্বরের পরীক্ষা হয়। কর্মশালা ভবন শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগ দীর্ঘদিন আগে

পরিত্যক্ত ঘোষণা করে। ফলে ছাত্রদের কর্মশালার কাজ শ্রেণীকক্ষেই করতে হচ্ছে। বিদ্যালয়ের বর্তমান ছাত্রসংখ্যা মাত্র চার শতাধিক। তিন তলাবিশিষ্ট একাডেমিক ভবনের এক তলাই ক্লাস নেয়ার জন্য যথেষ্ট। ছাত্রের অভাবে বাকি দুই তলাই অব্যবহৃত থাকে। এই স্বল্পসংখ্যক ছাত্রের জন্য আবার প্রয়োজনীয় আসবাবপত্রও নেই।